দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 JAN 2016
পৃষ্ঠা ১৬ কলাম ২

# কেন্দুয়ায় উপবৃত্তির টাকা পাচ্ছে না শিক্ষার্থীরা

কেন্দুয়া (নেত্রকোনা) সংবাদদাতা

কেন্দুয়া উপজেলায় দীর্ঘ ১৮ মাস যাবৎ উপবৃত্তির টাকা পাচ্ছে না ৫২টি শিক্ষা প্রতিষ্ঠানের ৫০১০ জন শিক্ষার্থী। এতে হতাশায় ভুগছে হতদরিদ্র শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসসূত্রে জানা গেছে, উপজেলার ৩৫টি মাধ্যমিক বিদ্যালয় ও ১৭টি দাখিল মাদ্রাসাসহ মোট ৫২টি শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ৫০১০ জন শিক্ষার্থী উপবৃত্তির আওতাভুক্ত। এদের মধ্যে ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের প্রতি মাসে ১শ টাকা, ৭ম শ্রেণির শিক্ষার্থীদের প্রতি মাসে ১শ টাকা, ৮ম শ্রেণির ১২০ টাকা ও ৯ম শ্রেণির শিক্ষার্থীদের প্রতি মাসে ১৫০ টাকা হারে ছয় মাস পর পর উপবৃত্তির এ টাকা দেয়া হয়। সর্বশেষ ২০১৪ সালের জানুয়ারি থেকে জুন মাস পর্যন্ত শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা দেয়া হয়েছিল। এরপর থেকে ২০১৪ সালের জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত ছয় মাস ও ২০১৫ সালে জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত বারো মাসসহ ১৮ মাসের উপবৃত্তির টাকা এখনো দেয়া হয়নি বলে জানায় শিক্ষা অফিস।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সাইফুল আলম জানান, সুবিধাভোগী শিক্ষার্থীদের ডাচ-বাংলা ব্যাংকের মাধ্যমে অচিরেই উপবৃত্তির টাকা দেয়া হবে।